

Preposition

Pre শব্দের অর্থ পূর্বে এবং Position শব্দের অর্থ অবস্থান। যে Word Noun বা Pronoun-এর পূর্বে বসে সেই Noun বা Pronoun-এর সঙ্গে বাক্যের অন্যান্য Word-এর সঙ্গে সম্পর্ক স্থাপন করে তাকে Preposition বলে।

যেমন : There is a cow in the field. এখানে in Preposition এবং তা Cow এবং field-এর মধ্যে সম্পর্ক স্থাপন করেছে।

গঠন ও কার্যকারিতা ভেদে Preposition-এর শ্রেণি বিন্যাস

1. Simple Preposition : এ কটি Word দ্বারা গঠিত Prepositionই হলো Simple Preposition যেমন : In, On, by, at, with, ইত্যাদি।

2. Double Preposition: দুটি Simple Preposition যুক্ত হয়ে Double Preposition-এর মতো ব্যবহৃত হয়। যেমন : Within (with+in), into (in+to)

3. Compound Preposition : Noun, adjective বা adverb-এর পূর্বে Simple Preposition যুক্ত হয়ে যে Preposition গঠিত হয় তাকে Compound Preposition বলে। এখানে On এর স্থানে a এবং by এর স্থানে b বা be হয়। যেমন : about (on+by+out), below (by+low)

4. Phrase Preposition : দুই বা ততোধিক Preposition (বা Word) একত্রে Phrase Preposition গঠন করে। যেমন : In front of, In order to , In lieu of ইত্যাদি।

5. Participle Preposition : Participle of verb (Present or past) কখনো কখনো Preposition-এর মতো ব্যবহৃত হয়। যেমন : I saw the people walking past him.

6. Disguised Preposition : অনেক ক্ষেত্রে লক্ষ্য করা যায় on, at, of, Preposition-এর পরিবর্তে a বা o ব্যবহৃত হয়। এরূপ a বা o কে Disguised Preposition বলে।

7. Special Preposition : Than ও but মূলত Conjunction হলেও কখনো আবার Preposition রূপে ব্যবহৃত হয়। তখন তাদের Special Preposition বলে। যেমন : I am older than her.

8. Verbal Preposition : এই জাতীয় Preposition Verb-এর পূর্বে যুক্ত হয়ে নতুন Verb গঠন করে। যেমন : Overlook (Over+look), Withdraw (with+draw).

